



বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
৮/সি, আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭।
www.bteb.gov.bd



স্মারক নং: ৫৭.১৭.০০০০.২০১.১৯.০০২.১৭- ৬২২৪

তারিখ: ২৮ আশ্বিন, ১৪২৬ বঙ্গাব্দ
১৩ অক্টোবর, ২০১৯ খ্রিষ্টাব্দ

প্রাপক :

অধ্যক্ষ

বিষয় : ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমের বেসরকারি পলিটেকনিক ইন্সটিটিউটে ৩য় পর্বের বদলিতে ভর্তির কার্যক্রম গ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমের বেসরকারি পলিটেকনিক ইন্সটিটিউটে ৩য় পর্বে বদলি ইচ্ছুক শিক্ষার্থীদের বদলির সাধারণ নীতিমালা মোতাবেক অধ্যয়নরত প্রতিষ্ঠানের অধ্যক্ষের সুপারিশসহ বদলিকৃত প্রতিষ্ঠানে ভর্তির কার্যক্রম ১৫-১০-২০১৯খ্রি: তারিখের মধ্যে সম্পন্ন করে বদলিকৃত প্রতিষ্ঠানের বদলিতে ভর্তিকৃত শিক্ষার্থীর বদলি ফি বাবদ ৩২৫/- (তিনশত পঁচিশ) টাকা হারে সমুদয় টাকার একটি মাত্র ব্যাংক ড্রাফট করে বদলিতে ভর্তিকৃত শিক্ষার্থীদের নামের তালিকা নিম্নে বর্ণিত ছক অনুসারে পূরণ করে, বদলিকৃত শিক্ষার্থীর ০২ (দুই) প্রতিষ্ঠানের সুপারিশ সম্বলিত আবেদনপত্র, রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত ফটোকপি, ২য় পর্বের প্রবেশপত্রের সত্যায়িত ফটোকপি, ২য় পর্বের নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি নির্ধারিত ছক আকারে বোর্ডে জমা দানের তারিখ: ২০ অক্টোবর, ২০১৯ খ্রি:।

নির্ধারিত ছক:

ক্রঃ নং	শিক্ষার্থীর নাম	টেকনোলজি	রোল নম্বর	পর্ব	রেজিস্ট্রেশন নম্বর	সেশন	ছাড়পত্র প্রদানকারী প্রতিষ্ঠানের নাম ও কোড	গ্রহণকারী প্রতিষ্ঠানের নাম ও কোড
------------	-----------------	----------	-----------	------	-----------------------	------	---	----------------------------------

বিঃদ্র: ইতোমধ্যে যেসকল শিক্ষার্থী/প্রতিষ্ঠান অধ্যয়নরত ও বদলিকৃত প্রতিষ্ঠানের সুপারিশসহ আবেদনপত্র বোর্ডে জমা প্রদান করেছেন সেসকল প্রতিষ্ঠানকে নির্ধারিত সময়ের মধ্যে বদলি কার্যক্রম সম্পন্ন করে নির্ধারিত ছক আকারে বদলি ফি বাবদ সমুদয় টাকার ব্যাংক ড্রাফট ও বর্ণিত প্রয়োজনীয় ডকুমেন্টসসহ বোর্ডে জমা প্রদান করতে হবে।

বদলির সাধারণ নীতিমালা:

- শিক্ষার্থী বদলির ক্ষেত্রে টেকনোলজি ও প্রবিধানের মিল থাকতে হবে।
- কোন অকৃতকার্য বা রেফার্ড প্রাপ্ত শিক্ষার্থী বদলি হতে পারবে না।
- কেবল মাত্র ৩য় পর্বের শিক্ষার্থী নির্ধারিত তারিখের মধ্যে বদলির আবেদন করতে পারবে।
- বেসরকারি প্রতিষ্ঠানের শিক্ষার্থী কেবলমাত্র বেসরকারি প্রতিষ্ঠানে বদলি হওয়ার সুযোগ পাবে।
- বদলি হতে ইচ্ছুক শিক্ষার্থীদেরকে অভিভাবকের প্রতিনিধিত্বসহ ছাড়পত্র প্রদানকারী ও গ্রহণকারী প্রতিষ্ঠানের অধ্যক্ষের সুপারিশসহ আবেদন করতে হবে।
- বদলিতে ভর্তি গ্রহণকারী প্রতিষ্ঠান প্রধান আসন খালি থাকা সাপেক্ষে সুপারিশ করতে পারবেন। গ্রহণকারী শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানকে তাঁর প্রতিষ্ঠানে ভর্তিযোগ্য আবেদনগুলো নির্ধারিত ছকে একসাথে বোর্ডে প্রেরণ করতে হবে।
- আবেদনপত্রের সাথে রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত ফটোকপি, যে পর্বে বদলি হতে ইচ্ছুক তার পূর্ববর্তী পর্বের প্রবেশপত্রের সত্যায়িত ফটোকপি, পূর্ববর্তী পর্ব/পর্বসমূহের নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি এবং বদলির জন্য জনপ্রতি ৩২৫/- (তিনশত পঁচিশ) টাকা হারে সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড-এর অনুকূলে নির্ধারিত ব্যাংকে জমা প্রদানের রশিদ সংযুক্ত করতে হবে।
- ০৩ (তিন) জনের বেশি হলে নির্ধারিত ছক অনুসারে শিক্ষার্থীদের তালিকা সফটকপি ওয়ার্ড ফাইলে (সিডি) করে প্রেরণ করার জন্য অনুরোধ করা হল।

(স্ব. মোঃ মুরুল ইসলাম)
পরিচালক (কারিকুলাম)
তারিখ: ১৩/১০/২০১৯খ্রি:

স্মারক নং-৫৭.১৭.০০০০.২০১.১৯.০০২.১৭- ৬২২৪ (৩০২)
সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
দৃষ্টি আকর্ষণ: অতিরিক্ত সচিব (কারিগরি), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহণ, পুল ভবন, ঢাকা।
- ২। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ৩। সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৪। পরীক্ষা নিয়ন্ত্রক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৫। পরিদর্শক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৬-৫০৫। অধ্যক্ষ.....।
- ৫০৬। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। (বিজ্ঞপ্তি জরুরী ভিত্তিতে ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ জানান হল)।
- ৫০৭। উপ-সচিব(রেজিস্ট্রেশন), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৫০৮। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৫০৯। নথি।

(প্রকৌশলী মোঃ ফারুক রেজা)
কারিকুলাম বিশেষজ্ঞ (ডিপ্লোমা)
ইমেইল: bteb.dip@gmail.com